

Model Activity Task 2022 January

Class 6 | Geography | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২ | জানুয়ারী

ষষ্ঠ শ্রেণী | ভূগোল | পার্ট -১ |

পূর্ণমান- ২০

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন কর:

১.১ সূর্যের আলোয় আলোকিত হয় না—

(ক) বুধ (খ) চাঁদ (গ) প্রক্সিমা সেনটাউরি (ঘ) বৃহস্পতি

১.২ মহাবিশ্ব সৃষ্টির সময় অসংখ্য ধূলিকণা ও গ্যাসের মহাজাগতিক মেঘ নিয়ে সৃষ্টি হয়েছিল--

(ক) ছায়াপথ (খ) নীহারিকা (গ) ধুমকেতু (ঘ) উল্কা

১.৩ সৌরজগতের যে গ্রহটি পূর্ব থেকে পশ্চিমে আবর্তন করে সেটি হল--

(ক) বুধ (খ) শুক্র (গ) মঙ্গল (ঘ) পৃথিবী

২.১ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো:

২.১.১ একটি বামন গ্রহের উদাহরণ হলো প্লুটো।

২.১.২ সৌরজগতের আটটি গ্রহের মধ্যে বৃহস্পতি গ্রহের অভিকর্ষ বল সবচেয়ে বেশি।

২.২ 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও:

উত্তর:

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.২.১ আকাশ গঙ্গা	২) ছায়াপথ
২.২.২ নীল গ্রহের চারদিকে ঘোরে	৩) চাঁদ
২.২.৩ বৃহত্তম গ্রহাণু	১) সেরেস

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ সৌরঝড় হলে পৃথিবীর উপগ্রহ যোগাযোগ ব্যবস্থার সমস্যা সৃষ্টি হয় কেন?

উত্তরঃ সৌরঝড়ের সময় প্রচুর পরিমাণে আয়নিত কণা, গ্যাস, রশ্মি চারিদিকে ছড়িয়ে পড়ে। আয়নিত কণার সংস্পর্শে এসে কৃত্রিম উপগ্রহ গুলো ক্ষতিগ্রস্ত হয় এবং যোগাযোগ ব্যবস্থায় সমস্যার সৃষ্টি হয়।

৩.২ ধূমকেতুর দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

উত্তরঃ ধূমকেতুর বৈশিষ্ট্য হল:

(১) ঝাঁটার মত লেজ বিশিষ্ট উজ্জ্বল জ্যোতিষ্ক।

(২) সূর্যের কাছাকাছি এলে ধূমকেতুর ধুলো, গ্যাস জ্বলতে থাকে এবং ঝাঁটার মতো আকৃতি সৃষ্টি হয়।

৪. নীচের প্রশ্নটির উত্তর দাও :

গ্রহ ও নক্ষত্রের মধ্যে তিনটি পার্থক্য লেখো।

উত্তরঃ

গ্রহ	নক্ষত্র
১ গ্রহের নিজস্ব আলো ও তাপ নেই।	১ নক্ষত্রের নিজস্ব আলো ও তাপ আছে।
২ গ্রহ নক্ষত্রের চেয়ে অনেক ছোট	২। নক্ষত্র গ্রহের তুলনায় আকারে অনেক বড়
৩ গ্রহরা নক্ষত্রের চারিদিকে পরিক্রমণ করে	৩ নক্ষত্ররা ছায়াপথের চারিদিকে পরিক্রমণ করে

৫. নীচের প্রশ্নটির উত্তর দাও :

আমাদের সবচেয়ে কাছের নক্ষত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

উত্তরঃ আমরা জানি, সূর্য আমাদের সবচেয়ে কাছের নক্ষত্র যে আকাশগঙ্গা ছায়াপথের কেন্দ্র থেকে দূরে কিছুটা প্রান্তে রয়েছে। প্রায়ই 460 কোটি বছর আগে মহাশূন্যে ভাসমান ধূলিকণা, হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাসের বিশাল মেঘ সংকুচিত হয়ে জমাট বেঁধে তৈরি হয় এই সূর্য। সূর্য মাঝারি হালদ বর্ণের নক্ষত্র যার আয়ু ১০০০ কোটি বছর প্রায়। সূর্য পৃথিবীর চেয়ে ১৩ লক্ষ গুণ বড়, আর ৩ লক্ষ গুণ ভারী। সূর্যরশ্মি 200 কোটি ভাগের ১ ভাগ মাত্র পৃথিবীতে এসে পৌঁছায়। সূর্যের বাইরের দিকের উষ্ণতা প্রায় ৬০০০ ডিগ্রী সেন্টিগ্রেড আর তার কেন্দ্রের উষ্ণতা প্রায় ১.৫ কোটি ডিগ্রী সেন্টিগ্রেড।